[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ মঙ্গলবার দুপুরে গাংনী কৃষি অফিসের পাশে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উপলক্ষে প্রতিটি উপজেলায় ১০০ টি বৃক্ষের চারা রোপণ কর্মসূচির আওতায় একটি ফলজ গাছের চারা রোপণের মাধ্যমে কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করা হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা কে এম শাহাবুদ্দিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়াম্যান এমএ খালেক।

এসময় পার্টির (জেপি) সভাপতি আব্দুল হালিম, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিবসহ ছাত্রলীগের অন্যান্য নেতাকর্মী এবং কৃষি অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধাসহ করোনা উপসর্গ নিয়ে দু’জনের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে জোবাইদা খাতুন ও বীরমুক্তিযোদ্ধা আব্দুস সালাম নামের দু ব্যাক্তির মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার সকাল দশ টার সময় গাংনী পশু হাসপাতাল পাড়ার আব্দুল গনির স্ত্রী জোবাইদা খাতুন(৭২) নিজ বাড়িতে মৃত্যু হয় ।

অপরদিকে ঢাকা করমিটোলা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বাওট গ্রামের মৃত মকছেদ আলীর ছেলে বীরমুক্তিযোদ্ধা আব্দুস সালামের মৃত্যু হয়। উভয়ের বয়স ৭০ থেকে ৭২ বছরের মধ্যে।

সুত্র জানায়, গাংনী বাজারের পশু হাসপাতাল পাড়ার বাচ্চুর স্ত্রী ও গাংনী উপজেলা কমপ্লেক্সের স্¦◌াস্থ্য সহকারি ফারহানা ইয়াসমিন মেয়ে নুসরাত জাহান, জোবাইদা খাতুনের বড় ছেলে আক্তারুজ্জামান চঞ্চল করোনা আক্রান্ত হয়। কয়েকদিন আগে বৃদ্ধা জোবাইদার নমুনা

সংগ্রহের জন্য স্বাস্থ্যকর্মীরা তার বাড়িতে গেলে নমুনা দিতে রাজি হয়নি জোবাইদার পরিবার। এক পর্যায়ে ব্যার্থ হয়ে ফিরে আসে স্বাস্থ্যকর্মীরা। সর্দি,কাশি ও হালকা জ¦র নিয়ে তার মৃত্যু হয়।

একই পরিবারে তিনজন করোনা আক্রান্ত হওয়ার ঘটনায় দুশ্চিতার কারনে বৃদ্ধা জোবাইদার মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন জোবাইদার পরিবার। গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা এম রিয়াজুল আলম জানান, স্বাস্থ্য সহকারি ফারহানাসহ তার পরিবারের কয়েকজন করোনা পজেটিভ হয়েছে। তবে তাদের অবস্থা ভাল। মৃত ব্যক্তির নমুনা সংগ্রহ করে পাঠানো হয়েছে রিপোর্ট আসলে মুত্যুর প্রকৃত কারণ বোঝা যাবে।

অন্যদিকে বাওট গ্রামের মুক্তিযোদ্ধা আব্দুস সালাম শ^◌াসকস্ট ও ঠান্ডাজ¦রে ভুগছিলেন। কয়েকদিন আগে ঢাকার করমি টোলা হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তার মুত্যু হয়। আব্দুস সালাম দির্ঘদিন ধরে ঢাকায় আইন পেশার সাথে জড়িত। বীরমুক্তিযোদ্ধা আব্দুস সালামের লাশ তার নিজ গ্রাম বাওটে রাস্ট্রীয় মর্যাদায় দাফন করা হবে বলে জানান গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ।

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে বৃদ্ধার মৃত্যু

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে জোবাইদা খাতুন (৭২) নামের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। মঙ্গলবার সকাল ১০ টায় তার নিজ বাড়িতে মৃত্যু হয়। সে গাংনী পশু হাসপাতাল পাড়ার মৃত আব্দুল গনীর স্ত্রী।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান, গত কয়েকদিন আগে জোবাইদা খাতুনের নমুনা সংগ্রহ করতে গেলে নমুনা সংগ্রহ করতে দেয়া হয়নি। যেহেতু করোনা উপসর্গ নিয়ে তার মৃত্যু হয়েছে সেক্ষেত্রে তার নমুনা সংগ্রহ করা হবে।

এছাড়া করোনা উপসর্গ নিয়ে মৃত জোবাইদার ছেলে আক্তারুজ্জামান চঞ্চল,বড় ছেলে বাচ্চুর স্ত্রী স্বাস্থ্য কর্মী ফারহানা ও মেয়ে নুসরাত জাহান সম্প্রতি করোনা আক্রান্ত হয়েছে। ধারনা করা হচ্ছে তাদের কাছ থেকে জোবাইদা খাতুন করোনা সংক্রমিত হতে পারে। তবে নমুনা পরীক্ষার ফলাফল পাওয়ার পর করোনা আক্রান্তে মৃত্যু হয়েছে কি না তা নিশ্চিত হওয়া যাবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান,যেহেতু করোনা উপসর্গ নিয়ে জোবাইদা খাতুনের মৃত্যু হয়েছে, সেহেতু তাকে ইসলামী ফাউন্ডেশনের কর্মীরা সরকারি ও ইসলামী বিধি অনুযায়ী দাফন করবে।

গাংনীতে বিসমিল্লাহ ট্রেডার্সে চুরির দায় স্বীকার কালামের, আরো দু’জন আটক

মেহেরপুরের গাংনী হাসপাতাল বাজারের বিসমিল্লাহ ট্রেডার্সের মালামাল চুরির সাথে জড়িত রয়েছে বলে স্বীকার করেছে সাবেক ভাইস চেয়ারম্যান প্রার্থী আবুল কালাম।

রবিবার বিকাল ৩ টায় এ তথ্য নিশ্চিত করেছে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো: ওবাইদুর রহমান। এদিকে আবুল কালামের স্বীকারক্তি অনুযায়ী চুরির সাথে জড়িত রুয়েরকান্দির গ্রামের নইমুদ্দীনের ছেলে নজরুল ইসলাম (৪৫) ও একই গ্রামের আব্দাল হকের ছেলে ভ্যান চালক জব্বার আলীকে (২৭) আটক করেছে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান, সাবেক ভাইস চেয়ারম্যান প্রার্থী আবুল কালাম জিজ্ঞাসাবাদে স্বীকার করেছে বিসমিল্লাহ ট্রেডার্সের রড এ্যাঙ্গেল,প্লেন সিট সহ অন্যান্য মালামাল চুরির সাথে সে সহ রুয়েরকান্দি গ্রামের নজরুল ইসলাম ও ভ্যান চালক জব্বার আলী জড়িত।

তিনি আরো জানিয়েছেন, চুরির বিষয় নিয়ে আবুল কালাম ও নজরুল ইসলামের মধ্যে কথপোকথনের একটি অডিও পুলিশের কাছে এসেছে। অডিও টেপের উদ্ধৃতি দিয়ে তিনি জানিয়েছেন আবুল কালাম ও নজরুল ইসলামের মধ্যে বেশ কিছুদিনের সম্পর্ক রয়েছে। ইতোপূর্বে নজরুলকে দিয়ে বিভিন্ন কাজ করিয়েছে আবুল কালাম।

এছাড়া বিসমিল্লাহ ট্রেডার্সে চুরি করতে নজরুল ইসলামকে ৫শ টাকা ও ভ্যান চালক জব্বার আলীকে ২শ টাকার বিনিময়ে ভাড়া করেছে আবুল কালাম। আটককৃত আবুল কালাম,নজরুল ইসলাম ও জব্বার আলীকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে।

উল্লেখ্য, শুক্রবার রাতে গাংনী হাসপাতাল বাজারের মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্সে রড এ্যাঙ্গেল,প্লেন সিট সহ অন্যান্য মালামাল চুরির ঘটনা ঘটে। শনিবার বিকাল ৩ টায় গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে আবুল কালাম আজাদের গোডাউন থেকে চুরি যাওয়া আনুমানিক ওজন ১শ’ ৮০ কেজি মালামাল উদ্ধার করে। এ ঘটনায় মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্সের মালিক মোজাম্মেল হক বাদী হয়ে আবুল কালাম সহ অজ্ঞাতনামা কয়েকজনের নামে মামলা দায়ের করেন।

গাংনীতে গাঁজাসহ ১০ মাদক সেবী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে পৃথক অভিযানে ১০ মাদক সেবীকে গ্রেফতার পুলিশ। শনিবার বিকাল থেকে রাত্রি পর্যন্ত অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে পীরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই বাবলু। এসময় তাদের কাছ থেকে ১শ’৭০ গ্রাম গাঁজা ও গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করা হয়। গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, কাজিপুর মাঠপাড়ার জনৈক খেদু ফরাজির কাঁঠাল বাগানে মাদক সেবন করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে কুষ্টিয়া জেলার দৌলৎপুর উপজেলার তেকালা গ্রামের শরিফুল ইসলামের ছেলে আল হাসান (৩৫),কাজিপুর মাঠপাড়ার শরিফুল রইসলামের ছেলে মহন,একইপাড়া আব্দুল্লাহর ছেলে

সুনারুল,সামাদের ছেলে নয়ন,আজিমুদ্দীনের ছেলে তরিকুলকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে ৭০ গ্রাম গাঁজা ও গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করা হয়। এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে মামলা নং ০৮ তাং ০৪.০৭.২০২০ ইং।
অপরদিকে কাজিপুর মন্ডলপাড়ার মজিরুদ্দীনের ছেলে রেজাউলের বাড়িতে মাদক সেবনের আসর বসেছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে রেজাউল সহ হাজিপাড়ার আজিমের ছেলে সোহেল রানা,পোষ্ট অফিস পাড়ার রফিকুল ইসলামের ছেলে মিলন,বর্ডারপাড়ার মিরাজের ছেলে আরজ ও বৈরাগীপাড়ার আব্দুর রহমানের ছেলে নজরুলকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে ১শ’ গ্রাম গাঁজা ও গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করা হয়। আটকৃতদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে। মামলা নং ০৮ তাং ০৪.০৭.২০২০ ইং।

ভাস্কো-দা-গামা থেকে মুজিবনগর —মাসুম উল হক মিন্টু

১৪৯৮ সালে পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা ভারতবর্ষে আসার সমুদ্রপথ আবিস্কার করার পর ফরাশি ও ইউরোপীয় বণিকদের এই উপমহাদেশে আগমনের আগ্রহ জাগে ১৫৯৯ সালে ২১৮ জন সদস্য নিয়ে লন্ডনে “দুঃসাহসী বনিক গোষ্ঠী নামে বণিক সংঘ গঠন হয়। ১৬০০ সালের ১লা ডিসেম্বর ” ইস্ট ইন্ডিয়া কোম্পানি ” নামে মহারানী সনদ লাভ করে এবং রানী স্বয়ং কোম্পানির অংশীদার হন। ১৬১৩ সালে মোঘল সম্রাট জাহাঙ্গীর এক ফরমানের মাধ্যমে সূরাটে ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে বানিজ্য কুঠি স্থাপনের অনুমতি দেন।

বিভিন্ন কারনে সম্পর্কের অবনতি হতে থাকে যার ফলে ১৬৮৬ সালে হুগলি,বালেশ্বর,হিজলি মোঘল দুর্গ আক্রমন ১৬৮৭সালে চট্রগাম আক্রমন করে পরাজিত হয়ে ক্ষমা প্রার্থনা এবং ১৬৯০ সালে মোঘল ও ইস্ট ইন্ডিয়ার সন্ধিচুক্তি সম্পাদিত হয়। ১৬৯৮সালে কোম্পানি কলকাকায় ফোর্ট উলিয়াম দুর্গ স্থাপন করে।

১৭৫৬ সালের ১০ এপ্রিল সিরাজ -উদ-দৌলা বাংলা, বিহার, উড়িস্যার

নবাব হিসাবে সিংহাসনে বসেন। মুলতো বিনাশুল্কে বানিজ্য কে কেন্দ্র করে নতুন নবাব ১৭৫৬ সালের ৪ জুন কাসিমবাজার কুঠি আক্রমন এবং ২০ জুন কলকাতা দখল করেন। শুরু হয় প্রাসাদ ষঢ়যন্ত্র ১৭৫৭ সালের ২৩ জুন পলাশী যুদ্ধের পরাজয়ের পর ২৯ জুন ১৭৫৭ তে মীর জাফর পুত্র মিরনের নির্দেশে মোহাম্মদী বেগ নবাব সিরাজ কে নৃশংসভাবে হত্যা করে। শুরু হল পুতুল নবাবদের হাত ধরে ব্রিটিশ শাসন যা চলমান ছিল ১৯৪৭ পযন্ত।

মুলতো ১৭৬৪ সালে বক্সার যুদ্ধের মধ্যে ব্রিটিশ শাসনের সিমানা বৃদ্ধি পেতে থাকে, কিছুদিন না যেতেই বিভিন্ন সংগ্রামের মধ্যে দিয়ে ব্রিটিস হটাও আন্দোলন জোরদার হতে থাকে। শতাধিক বছর পথ পরিক্রমার পর ১৮৮৫ সালের ২৮ ডিসেম্বর বোম্বে (মুম্বাই) এ বসে প্রতিষ্ঠা হয় “”ভারতীয় জাতীয় কংগ্রেস””।

১৯০৬ সালে সালে ঢাকায় বসে গঠিত হয় “” মুসলিম লীগ”। অল্পকথায় বলি মুলতো মুসলিম লীগ ও ভারতীয় জাতীয় কংগেসের রাজনৈতিক আন্দোলনের ফসল ১৯৪৭ সালের ভারত, পাকিস্থান স্বাধীনতা। জিন্নাহর দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে যথাক্রমে ১৯৪৭ সালের ১৪ ও ১৫ আগস্ট জন্মলাভ করলো জিন্নার নেতৃত্বে পাকিস্থান ও নেহেরুর নেতৃত্বে ভারত।

আমরা হতভাগ্য জাতি হলাম পূর্ব পাকিস্থানেরর বাসিন্দা । শুরু হল নতুন খেলা রাষ্ট্রের শাসনভার পশ্চিমাদের হাতে থাকায় শাসনের নামে শোসন, যে কোন সিদ্ধান্ত চাপিয়ে দেওয়া ইত্যাদি ইত্যাদি…!

১৯৫২ সালের সালের ভাষা আন্দোলনের মধ্যে দিয়ে স্বাধীনতার বীজ বপন এবং১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে তা অর্জন ছিল আমাদের পরাধীনতা থেকে মুক্তি।

১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭০ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবের নেতৃত্বে নির্বাচনে জয়লাভের পর গদিতে বসতে না দেওয়ায় ১৯৭১ সালের ৭ই মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে ঐতিহাসিক ভাষনের মধ্যে দিয়ে ববঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষনা ছিল বাঙ্গালি জাতির পরাধীনতা থেকে মুক্তির স্বপ্ন।

২৬ মার্চ ১৯৭১ বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষনা পত্র পাঠের মধ্যে দিয়ে দিয়ে স্বাধীনতার পথে বাংলাদেশ । এবার সরকার গঠনের পালা
১৯৭১ সালের ১০ এপ্রিল বৃহত্তর কুষ্টিয়া জেলার মেহেরপুর সাবডিবিশনে সিমান্তবতি গ্রাম বৈদ্যনাথ তলায় বাংলাদেশর স্বাধীনতার

ঘোষনার আদেশ জারি করা হয় এবং ১৭ এপ্রিল এই প্রবাসি সরকার সফত গ্রহন করেন যা মুজিবনগর সরকার নামে ইতিহাসের পাতায় জায়গা করে নেয়। দীর্ঘ নয়মাস মহান মুক্তিযুদ্ধেরর মধ্যে দিয়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পৃথিবীর মানচিত্রে জায়গা করে নেয় প্রিয় মাতৃভূমি বাংলাদেশ। মেহেরপুরের মুজিবনগর হয়ে ওঠে ইতিহাসের গুরুত্বপূর্ণ অধ্যায়। স্বাধীনতার সূতিকাগার ও মুক্তিযুদ্ধের স্বপক্ষের রাজনৈতিকদের তৃর্থস্থান মুজিবনগর বর্তমানে বাংলাদেশেরর অন্যতম দর্শনীয় স্থান।

লেখক: কলেজ শিক্ষক ও সাবেক প্রিন্সিপাল (ইন চার্জ), টি জে ডিগ্রী কলেজ, গাংনী, মেহেরপুর।

গাংনীতে রড চুরির মামলায় ব্যবসায়ী কালাম আটক

মেহেরপুরের গাংনীতে রড চুরির সাথে জড়িত থাকার অভিযোগে আবুল কালাম সহ অজ্ঞাত নামা কয়েক জনের নামে মামলা দায়ের করা হয়েছে। আবুল কালাম ভাইস চেয়ারম্যান প্রার্থী ছিলেন।

শনিবার রাতে গাংনী হাসপাতাল বাজারের মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্সের মালিক মোজাম্মেল হক বাদী হয়ে মামলাটি দায়ের করেন।

মামলার আসামী আবুল কালামকে আটক করেছে পুলিশ। আবুল কালাম ভাবানীপুর গ্রামের শের আলী মন্ডলের ছেলে। সে বর্তমানে চৌগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয় পাড়ায় বসবাস করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান, শুক্রবার দিনগত রাতের কোন এক সময় গাংনী হাসপাতাল বাজারের মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্সে রড,এ্যাঙ্গেল বার,প্লেন সিট, ষ্টিল চুরি হয়। গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে সাবেক ভাইস চেয়ারম্যান প্রার্থী ও জহুরা এন্টারপ্রাইজের মালিক আবুল কালাম আজাদের গোডাউন থেকে চুরি যাওয়া মালামাল উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মালামালের আনুমানিক ওজন ১শ’ ৮০ কেজি। চুরি যাওয়া

মালামাল উদ্ধার ও চুরির সাথে জড়িত থাকার অভিযোগে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ০৬। তাং ০৪.০৭.২০২০ ইং।

তিনি আরো জানান, চুরির ঘটনার সাথে আরো কয়েকজন জড়িত রয়েছে। আবুল কালাম বিভ্রান্তি মুলক তথ্য দিচ্ছে। একারনে সঠিক তথ্য উৎঘটনের জন্য রিমান্ডের জন্য আদালতে আবেদন করা হবে।

মেসার্স বিসমিল্লাহ ট্রেডার্স এর মালিক মোজাম্মেল হক জানান, প্রতিদিনের ন্যায় আমি ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে বাসায় চলে যায়। শনিবার সকালে দোকান খুলে চুরির বিষয়টি বুঝতে পারি। পরে পুলিশ কালামের গোডাউনে হারানো মালামাল পুলিশ উদ্ধার করে। এ ঘটনায় গাংনী থানায় একটি এজাহার দায়ের করেছি। আবুল কালাম পুলিশ হেফাযতে থাকার কারনে তার বক্তব্য জানা সম্ভব হয়নি। তবে তার পরিবার ঘটনাটি ষড়যন্ত্র দাবি করেছে।

মেহেরপুরে নতুন করে ৪ জনের করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আরো ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদরে ৩ জন ও গাংনীতে ১ জন। এ নিয়ে জেলায় ৯১ জন করোনায় আক্রান্ত হলেন।

এর মধ্যে ৩৩ জন সুস্থ হয়েছেন, ৫ জন মারা গেছেন। ৮ জন রেফার্ড করা হয়েছে।

আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের মল্লিক পাড়ার আয়ুব আলী (২৮), মিশন স্কুল পাড়ার আবু বক্কর তেলা (৫৬), শ্যামপুর কলোনি পাড়ার জহুরা (৭০) । বাকি একজন হলেন গাংনী পশু হাসপাল এলাকার বাসিন্দা ফারহানা সুলতানা (৪৭)।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ২৪ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ, বাকিগুলো নেগেটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১৯১২ টি।

মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ৪৫ (সদর-২৭, গাংনী-১৫, মুজিবনগর-৩) জন।

গাংনীর বামন্দীতে শিশু ধষর্ণকারীর শাস্তির দাবিতে মানব বন্ধন

গাংনী উপজেলার বামন্দীতে ১১ বছরের শিশুকে নানা প্রলোভনে ও ভয় ভীতি দেখিয়ে ধর্ষণ করে বৃদ্ধ আক্কাস আলী। ধর্ষক আক্কাস আলী আটক হলেও এমন জঘন্য অপরাধের জন্য তার কঠোর শাস্তির দাবি জানিয়ে মানব বন্ধন করেছে উপজেলার সচেতন জনসাধারণ।

বৃহস্পতিবার বিকেলে গাংনী প্রেসক্লাবের সামনে এ মানব বন্ধনের আয়োজন করে বিভিন্ন শ্রেণিপেশার মানুষ। মানব বন্ধনে ধর্ষিতার বাবার সভাপতিত্বে ও জেলা কৃষকলীগ নেতা মশিউর রহমান পলাশের পরিচালনায় ধর্ষকের বিচার দাবিতে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের লাইন সম্পাদক মনিরুল ইসলাম মনি, গাংনী বাজারের প্রতিবাদী মুখ বিপুল জাহিদ, জাহিদুল ইসলাম জাহিদ, ফজলুর রহমান ও সাবেক ছাত্রনেতা মশিউর রহমান প্রমুখ।

মানব বন্ধনে বিপুল জাহিদ নামের এক সমাজসেবক বলেন, আইনজীবিরা যখন একজন ধর্ষকের পক্ষে দারায় তখন আমাদের কষ্ট হয়। সাধারণ মানুষ হিসেবে আমাদের প্রত্যাশা এসব জঘণ্য মানুষের পক্ষে কোন আইনজীবি দারাবে না। ধর্ষণের পক্ষে উকালতি না করার জন্য অনুরোধ জানিয়েছেন তিনি। কারণ ধর্ষক কখনো ক্ষমা পাওয়ার কথা নয়। তারপরেও একজন বয়স্ক মানুষ কিভাবে একটি কমলমতি শিশুর জীবনকে শেষ করে দেয়। আর এমন অমানুষের পক্ষে কিভাবে জামিনদার হয়ে কোর্টে হাজির হয় আইনজীবি।

মানব বন্ধনে অন্য বক্তারা বলেন, এমন ধর্ষণের ঘটনা যেন গাংনীতে আর না ঘটে তার জন্য প্রয়োজন এই ধষর্কের দৃষ্টান্ত মূলক শাস্তি। আর